



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”


প্রেস রিলিজ

১৯ ডিসেম্বর ২০২২

চতুর্থ শিল্প বিপ্লবের প্রায়োগিক আধুনিক প্রযুক্তির যথাযথ ব্যবহারের মাধ্যমে সামনের দিকে এগিয়ে যেতে হবে।

অধ্যাপক ড. মাহবুবা নাসরীন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এবং বাউবি ইনোভেশন টিমের যৌথ উদ্যোগে আয়োজিত “চতুর্থ শিল্পবিপ্লব: চ্যালেঞ্জ ও পদক্ষেপ” শীর্ষক এক ওয়েবিনার আজ ১৯ ডিসেম্বর ২০২২ সোমবার বাউবিতে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাউবি উপাচার্য (দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন। তিনি বলেন চতুর্থ শিল্প বিপ্লবের প্রায়োগিক আধুনিক প্রযুক্তির যথাযথ ব্যবহারের মাধ্যমে আমাদের সামনের দিকে এগিয়ে যেতে হবে। আধুনিক বিশ্বের সাথে তাল মিলাতে চ্যালেঞ্জ মোকাবেলায় গ্রহনযোগ্য প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করতে হবে। বাংলাদেশের টেকসই উন্নয়নে ই-গভর্নেন্স, ই-কমার্স, ই-ফাইলিং এবং ডিজিটাল টেকনোলজির কথা উল্লেখ করেন। তথ্য প্রযুক্তির মাধ্যমে তথ্যকে সুরক্ষা দেয়ার কথাও উল্লেখ করেন তিনি। ওয়েবিনারে বিশেষ অতিথি হিসেবে সংযুক্ত থেকে বক্তব্য রাখেন বাউবির প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বান, ট্রেজারার ও স্কুল অব বিজনেসের ডিন অধ্যাপক মোস্তফা আজাদ কামাল ও রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম।



রিসোর্স পার্সন হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর কনসালটেন্ট ও উপ-সচিব আবু সালেহ মো: মাহফুজুল আলম চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ এবং এর প্রেক্ষাপটে সরকারের উদ্যোগ, প্রযুক্তি ও প্রায়োগিক ক্ষেত্রসমূহ, ভবিষ্যত সম্ভাবনা এবং আমাদের করণীয় সম্পর্কে বিস্তারিত উপস্থাপন করেন। ওয়েবিনারে বাউবির ডিন, পরিচালকগণ, শিক্ষক, কর্মকর্তা, ইনোভেশন টিমের সদস্যগণ, এপিএ ফোকাল পয়েন্টগণ এবং আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের প্রধানগণ সংযুক্ত ছিলেন।

ওয়েবিনারে সভাপতিত্ব করেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. সাদিয়া আফরোজ সুলতানা। সঞ্চালনা করেন বাউবি ইনোভেশন টিমের সদস্য সচিব নার্গিস আখতার।

স্বাক্ষর

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন

পরিচালক (ভারপ্রাপ্ত)